গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
"নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ" শীর্ষক প্রকল্প
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুল ভবন (৭ম তলা), রুম নং-৭০৮
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা ।

স্মারক নং- মুবিম /প্রকল্প/নঃ প্রঃ মুঃ চেঃ উঃ/ ফার্ম নিয়োগ/২০১৮/২২

তারিখঃ ০৫ বৈশাখ ১৪২৫
১৮ এপ্রিল,২০১৮ খ্রিঃ।

## পুনঃদরপত্রের আহ্বান (INVITATION FOR Re-TENDER)

**বিষয় ঃ "নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের নিমিত্তে ফার্ম নিয়োগ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্মারক নং-৪৮.০০.০০০০.০০৮.১৪.২৩৯.১৬/১১৫, তারিখঃ ১২-০৩-২০১৮ইং এর নির্দেশনা মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর পরিচালনায় মুক্তিযুদ্ধ জাদুঘরের মাধ্যমে বাস্তবায়িত "নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য ডিপিডিতে উল্লেখিত সৃষ্ট নিম্নবর্ণিত পদসমূহ কেবলমাত্র প্রকল্পের মেয়াদকাল জুন, ২০২২ খ্রিঃ পর্যন্ত সময়ের জন্য অর্থ বিভাগ হতে জারিকৃত বেতনস্কেল ২০১৫ অনুযায়ী সাকূল্যে **(Consolidated)** বেতন আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের লক্ষ্যে সংশ্লিষ্ট স্বীকৃত ফার্ম/প্রতিষ্ঠান সমূহের নিকট হতে পুনঃদরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | প্রোগ্রামার (আর্কাইভ), গ্রেড-৬ | ০১ (এক) | বি.এস.সি/বি.এ/বি.এস.এস/এম.এস.সি/এম.এস.এস/এম.এ/ কম্পিউটার সাইন্স এ উচ্চতর প্রশিক্ষণ |
| ২। | সহকারী পরিচালক, গ্রেড-৯ | ০২ (দুই) | বি.এ/বি.এস.এস/বি.কম/বি.এস.সি |
| ৩। | শিক্ষা কর্মকর্তা, গ্রেড-৯ | ০২ (দুই) | বি.এ/বি.এস.এস/বি.এস.সি/বি.কম |
| ৪। | প্রোগ্রাম অফিসার (আউট রিচ), গ্রেড-৯ | ০১ (এক) | বি.এ/বি.এস.এস/বি.এস.সি/বি.কম |
| ৫। | সহকারী প্রোগ্রামার (আর্কাইভ), গ্রেড-৯ | ০১ (এক) | বি.এস.এস/বি.এ/বি.কম কম্পিউটার সাইন্স-এ ডিপ্লোমা |
| ৬। | অডিও-ভিজ্যুয়াল অফিসার, গ্রেড-১০ | ০১ (এক) | বি.এস.এস/বি.এ/বি.কম কম্পিউটার সাইন্স-এ ডিপ্লোমা |
| ৭। | সহকারী প্রোগ্রামার অফিসার (শিক্ষা), গ্রেড-১০ | ০২ (দুই) | বি.এ/বি.এস.এস/বি.এস.সি/বি.কম |
| ৮। | সহকারী প্রোগ্রামার অফিসার (আউট রিচ), গ্রেড-১০ | ০১ (এক) | বি.এস.এস/বি.এ/ /বি.এস.সি/বি.কম |
| ৯। | হিসাব রক্ষক, গ্রেড-১৪ | ০১ (এক) | বি. কম |
| ১০। | গাড়ী চালক (ভারী), গ্রেড-১৫ | ০৪ (চার) | অষ্টম শ্রেনী/এস. এস. সি |
| ১১। | প্রোগ্রাম এসিস্ট্যান্ট, গ্রেড-১৬ | ০৪ (চার) | অষ্টম শ্রেনী/এস. এস. সি |

শর্তাবলীঃ

দরপত্রে অংশগ্রহণের জন্য আগ্রহী ফার্ম/প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদপত্র ও আয়কর পরিশোধের সনদপত্র দাখিল করতে হবে। প্রার্থীদের জীবন বৃত্তান্ত ও অভিজ্ঞতাসহ উল্লেখপূর্বক স্ব-স্ব প্রতিষ্ঠানের প্যাডে সিলগালা অবস্থায় প্রকল্প পরিচালক, "নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ" শীর্ষক প্রকল্প, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণাল, পরিবহন পূল ভবন (৭ম তলা), রুম নং-৭০৮, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা বরাবর দাখিল করতে হবে। দরপত্রের সাথে প্রস্তাবিত প্রার্থীদের এই মর্মে অঙ্গিকারনামা দাখিল করতে হবে যে, উক্ত প্রার্থী সংশ্লিষ্ট প্রকল্পের কাজ করতে সম্মত হয়েছেন। সংশ্লিষ্ট কাগজপত্র ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। অসম্পূর্ণ দরপ্রস্তাব বাতিল বলে গণ্য হবে।

(১) আগামী ৩০-০৪-২০১৮ খ্রিঃ তারিখের বেলা ২.০০ ঘটিকার মধ্যে সিডিউল ক্রয় করা যাবে এবং আগামী ০৩-০৫-২০১৮ খ্রিঃ তারিখের বেলা ১২.০০ ঘটিকার মধ্যে প্রকল্প পরিচালক, "নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ" শীর্ষক প্রকল্প, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণাল, পরিবহন পূল ভবন (৭ম তলা), রুম নং-৭০৮, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা-এ রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে। একই তারিখ বেলা ২.৩০ ঘটিকার সময় প্রাপ্ত দরপত্রসমূহ খোলা হবে। দরপত্রের সাথে প্রকল্প পরিচালক, "নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ" শীর্ষক প্রকল্প, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণাল, পরিবহন পূল ভবন (৭ম তলা), রুম নং-৭০৮, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা বরাবর ১০.০০ (দশ লক্ষ) টাকা দরপত্র জামানত হিসাবে দাখিল করতে হবে।

(২) প্রস্তাব যাচাইয়ে যে প্রতিষ্ঠান বিবেচিত হবে কেবল সেই প্রতিষ্ঠানের প্রার্থীদের ইন্টারভিউ এর জন্য ডাকা হবে। ইন্টারভিউ এ অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(৩) চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে প্রকল্পের পক্ষ থেকে কার্যাদেশ প্রদান করা হবে এবং নির্বাচিত প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্পে জনবল সরবরাহের চুক্তি সম্পাদন করতে হবে।

(৪) আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর দক্ষতা, অবহেলার কারণে প্রকল্পের কোন মূল্যবান জিসিন বা সম্পদের ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার সমুদয় দায়িত্ব বহন করতে হবে।

(৫) অর্থ বিভাগে, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং ০৭.১৫৩.০১৫.০৭.০০.০২.২০৭-২৮, তারিখঃ ২৭/০১/২০১৬ খ্রিঃ মোতাবেক জারিকৃত পরিপত্র ছকের ৭নং কলামের (অন্যান্য স্থানের জন্য) নির্দেশনা অনুযায়ী বেতন/ভাতাদি এবং পরিপত্রের ১ ও ২ নং শর্তাবলী প্রতিপালন পূর্বক প্রাপ্য সুবিধাদি প্রস্তাব করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য শর্তাবলী অনুসরণ করতে হবে।

(৬) আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকারের আউটসোর্সিং নীতিমালা, ২০০৮ এর ২০/০৯/২০১২ তারিখের পরিপত্র অনুসরণ করতে হবে। তাছাড়া জাতীয় রাজস্ব বোর্ডের ২৯/০৮/২০১২ ও ২২/১২/২০১৩ তারিখের মুসক (ভ্যাট) সংক্রান্ত ও উৎস আয়কর সংক্রান্ত বিষয়ে জারীকৃত বিধিবিধান অনুসরণ করতে হবে।

(৭) জনবলের দায়িত্ব/জবাবদিহিতা সম্পর্কে বিস্তারিত তথ্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর ওয়েব সাইড (www.molwa.gov.bd) থেকে জানা যাবে।

(৮) দরপত্রের সিডিউলে ক্রয় মূল্য ৮০০০/- (আট হাজার) টাকা।

(শিবপদ মন্ডল)
প্রকল্প পরিচালক (উপ-সচিব)
নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ প্রকল্প
ফোন- ৯৫৮৮৪৪২